গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০২.২৩- ২৬৭

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩২ / ৩০ জুন ২০২৫

# প্রজ্ঞাপন

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের সকল জনগোষ্ঠীর আবহমান সংস্কৃতির প্রতিনিধিত্ব করার লক্ষ্যে, মানবিক মূল্যবোধ সম্পন্ন, জীবনমুখী, শিল্পমান সমৃদ্ধ ও বহুস্বর বিবৃত করে এমন পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের জন্য 'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে বর্ণিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০২৪-২৫ অর্থবছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

**শিশুতোষ শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব জগন্ময় পাল | রবিনহুডের আশ্চর্য অভিযান | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |

**প্রামাণ্যচিত্র শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব লাবিব নামজুছ ছাকিব | মায়ের ডাক | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |

**রাজনৈতিক ইতিহাস তথা আবহমান বাংলার সকল রাজনৈতিক অভ্যুত্থান, আন্দোলন ও বিপ্লব যা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ রাজনৈতিক পটপরিবর্তনের নিয়ামক সংক্রান্ত শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব মাহমুদুল ইসলাম | জুলাই | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |

**সাংস্কৃতিক ইতিহাস তথা বাংলার ঐতিহ্য, মিথ ও ফোকলোর সংক্রান্ত শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | জনাব হাসান আহম্মেদ সানি | রূহের কাফেলা | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |

**সাধারণ শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব সিংখানু মারমা | পরোটার স্বাদ | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ২. | জনাব সৈয়দ সালেহ আহমেদ সোবহান | খোঁয়ারি | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৩. | জনাব এম আলভী আহমেদ | জীবন অপেরা | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৪. | জনাব গোলাম সোহরাব দোদুল | জলযুদ্ধ | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৫. | জনাব মুশফিকুর রহমান | কবির মুখ The Time Keeper | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৬. | জনাব আনুশেহ আনাদিল | কফিনের ডানা | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৭. | জনাব মোছাঃ সাহিবা মাহবুব | নওয়াব ফুজুন্নেসা | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |
| ৮. | জনাব সুজন মাহমুদ | জুঁই | ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) |

## অনুদানের শর্তাবলি:

০১. চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয়ে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি এবং পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান কমিটি কোনো পরামর্শ প্রদান করলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের অনুমোদিত কাহিনি, চিত্রনাট্য, পরিচালক, শিল্পী ও কলাকুশলী পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। তবে বিশেষ পরিস্থিতি ব্যতীত অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের নাম পরিবর্তনযোগ্য নয়। পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক প্রজ্ঞাপনে উল্লিখিত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত হারে অনুদান পাবেন;

০৩. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র অনুদানের প্রথম কিস্তির চেক প্রাপ্তির পর কাহিনিচিত্রের ক্ষেত্রে অনধিক ১৮ (আঠারো) মাস এবং প্রামাণ্যচিত্রের ক্ষেত্রে অনধিক ২৪(চব্বিশ) মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। তবে বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে স্ক্রিপ্টের প্রয়োজনে যৌক্তিক বিবেচনায় সরকার অনধিক ০৬ (ছয়) মাস করে সর্বোচ্চ ০২ (দুই) বার এ সময় বৃদ্ধি করতে পারবে;

০৪. অনুদানে নির্মিত প্রতিটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের স্থিতিকাল (দৈর্ঘ্য) ন্যূনতম ৭০ (সত্তর) মিনিট বা তদূর্ধ্ব হবে;

০৫. অনুদানপ্রাপ্তির ক্ষেত্রে নির্বাচিত চলচ্চিত্রের নির্মাণ শুরু করার নিমিত্ত সাইনিংমানি (১ম কিস্তি/প্রি-প্রোডাকশন) হিসেবে অনুদানের ২০% অর্থ প্রদান করা হবে। এ অর্থ প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে শুটিং শিডিউল, বিস্তারিত প্রোডাকশন প্ল্যান, লোকেশন ব্যবহারের অনুমতিপত্র, শিল্পী ও কলাকুশলীদের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্রের কপি ও অন্যান্য দলিলাদি পর্যালোচনাসাপেক্ষে 'চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান' কমিটি সন্তুষ্ট হলে প্রযোজককে ২য় কিস্তি (প্রোডাকশন) হিসেবে ৫০% অর্থ প্রদান করা হবে। এ অর্থ প্রাপ্তির ১২ (বারো) মাসের মধ্যে চলচ্চিত্রের চিত্রায়িত অংশের কমপক্ষে ৫০% রাফকাট ও সংশ্লিষ্ট সকল শিল্পী ও কলাকুশলীদের সম্মতি প্রাপ্তির প্রত্যয়নপত্র (NOC) 'চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান' কমিটি কর্তৃক অবলোকনপূর্বক সন্তোষজনক বিবেচিত হলে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনুদানের ৩য় কিস্তি (পোস্ট প্রোডাকশন) হিসেবে আরও অনূর্ধ্ব ২০% অর্থ প্রদান করা হবে;

০৬. চলচ্চিত্র নির্মাণ শেষে সার্টিফিকেশন সনদ গ্রহণ ও দেশের কমপক্ষে ০৫ (পাঁচ)টি সিনেমা হলে মুক্তি অথবা কমপক্ষে ১০ (দশ)টি জেলা তথ্য কমপ্লেক্স/শিল্পকলা একাডেমি/পাবলিক অডিটোরিয়াম/ওটিটি প্ল্যাটফর্মে প্রদর্শন সংক্রান্ত প্রমাণক মন্ত্রণালয়ে দাখিলের পর অবশিষ্ট ১০% অর্থ প্রদান করা হবে। সংশ্লিষ্ট চলচ্চিত্র সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডে ডিজিটাল ফরম্যাটে একটি কপি অবশ্যই জমা দিতে হবে;

০৭. শুধু বাংলাদেশের নাগরিক অনুদানপ্রাপ্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয় তাহলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

০৮. অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক কর্তৃক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ না করে অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তাহলে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে। এছাড়া চলচ্চিত্রের সঙ্গে সংশ্লিষ্ট সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করে নিজের অধিকারে নেওয়ার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত অনুদানের অংশ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য সরকার প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে। অথবা যদি উপযুক্ত কারণ ছাড়া কোনো প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ যথাসময়ে শুরু না করেন তাহলে অনুদানের সম্পূর্ণ অর্থ তিনি পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে সরকারি কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ চালান মারফত ফেরত দিবেন। অনুদানের অর্থ ফেরত দিতে ব্যর্থ হলে সরকারের প্রচলিত আইন অনুযায়ী অনুদানের অর্থ আদায়যোগ্য হবে;

১০. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১১. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চিত্রায়ন, এডিটিং, ডাবিং ইত্যাদি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এবং এর আওতাধীন প্রতিষ্ঠানে সম্পন্ন করা যাবে। এক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিধি মোতাবেক তাদের সার্ভিস চার্জের ৫০% পর্যন্ত ছাড় দিতে পারবে। সেক্ষেত্রে প্রযোজক/নির্মাতা বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন থেকে একটি প্রত্যয়নপত্র (NOC) নির্মাণ অনুদানের ৩য় কিস্তি গ্রহণের সময় জমা দিবেন। এক্ষেত্রে প্রযোজক/নির্মাতা/আবেদনকারীর কোনো সমিতির সদস্য হওয়া বাধ্যতামূলক নয়। যারা বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন থেকে কোনো সহায়তা বা সার্ভিস গ্রহণ করবেন না, তাদের ক্ষেত্রে এই প্রত্যয়নপত্র (NOC) প্রয়োজন হবে না। তবে সে ক্ষেত্রে তিনি উক্তরূপ সার্ভিস গ্রহণ না করার কারণ সম্বলিত লিখিত বিবৃতি মন্ত্রণালয়ে জমা প্রদান করবেন;

১২. প্রযোজকের মৃত্যু হলে কিংবা প্রযোজকের পক্ষে চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন করা অসম্ভব হলে সেক্ষেত্রে অনুদান কমিটি সংশ্লিষ্ট চলচ্চিত্রটির নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১৩. অনুদান প্রদানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক চূড়ান্তভাবে নির্বাচিত চলচ্চিত্রের গল্প লেখককে ২.০০ (দুই) লক্ষ এবং চিত্রনাট্যকারকে ৩.০০ (তিন) লক্ষ টাকা উৎসাহ পুরস্কার প্রদান করা হবে। গল্পলেখক কিংবা চিত্রনাট্যকার একাধিক হলে পুরস্কারের অর্থ সমহারে বিভাজ্য হবে। উৎসাহ পুরস্কারের অর্থ গ্রহণের পূর্বে কোনো গল্প লেখক কিংবা চিত্রনাট্যকারের মৃত্যু হলে তাঁর বা তাঁদের পরিবার সে অর্থ প্রাপ্য হবেন;

১৪. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে আইন মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

১৫. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে শ্যুট (Shoot) করে নির্মাণ করা যাবে। তবে দেশের অধিকাংশ জনগণের দেখার সুবিধার্থে বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডে সার্টিফিকেশন ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য ফরমেট পরিবর্তন করে ডিভিডি/পেনড্রাইভ/হার্ডড্রাইভ অথবা অন্য কোনো গ্যাজেট ফরমেটে মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

১৬. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধির বিষয়ে কোনো ধরনের দাবি করতে পারবেন না;

১৭. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশি-বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত করে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

১৮. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব জমা প্রদান করতে হবে;

১৯. সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত মূল প্রযোজক সরকারের পূর্বানুমতি নিয়ে দেশি/বিদেশি সহযোগী প্রযোজক নিতে পারবে। তবে এক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনোভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরও শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলি প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলী প্রযোজ্য হবে;

২০. প্রযোজক সরকারি বিধি অনুযায়ী কর/ভ্যাট প্রদান করবেন;

২১. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২২. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রযোজক কর্তৃক শেষ কিস্তি প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে সার্টিফিকেশন সনদ গ্রহণপূর্বক দেশের কমপক্ষে ০৫টি সিনেমা হলে মুক্তি অথবা কমপক্ষে ১০ (দশ)টি জেলা তথ্য কমপ্লেক্স/শিল্পকলা একাডেমি/পাবলিক অডিটোরিয়াম/ওটিটি প্ল্যাটফর্মে প্রদর্শন সংক্রান্ত প্রমাণক মন্ত্রণালয়ে দাখিলের পর অবশিষ্ট ১০% অর্থ প্রদান করা হবে। এক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ বিবেচনা করে সরকার অনধিক ০৬ (ছয়) মাস করে সর্বোচ্চ ০২ (দুই) বার এ সময় বৃদ্ধি করতে পারবে;

২৩. সংশ্লিষ্ট প্রযোজক নির্ধারিত সময়ের মধ্যে চলচ্চিত্রটি ০৫টি সিনেমা হলে মুক্তি অথবা কমপক্ষে ১০ (দশ)টি জেলা তথ্য কমপ্লেক্স/শিল্পকলা একাডেমি/পাবলিক অডিটোরিয়াম/ওটিটি প্ল্যাটফর্মে প্রদর্শনে ব্যর্থ হলে সরকার চলচ্চিত্রটি নিজ হেফাজতে গ্রহণসহ অনুদান হিসেবে প্রদেয় ১০% অর্থ বাজেয়াপ্তসহ প্রদানকৃত সমুদয় অর্থ ব্যাংক হারে সুদসহ প্রচলিত আইন অনুযায়ী আদায় করতে পারবে;

২৪. চলচ্চিত্রটি প্রদর্শনের শুরুতেই "রাষ্ট্রীয় অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র" শব্দগুলো প্রদর্শন করতে হবে। চলচ্চিত্রটি মুক্তি প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

২৫. পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা, ২০২৫ অনুসরণ করতে হবে। তবে চলচ্চিত্রটির নির্মাণ সমাপ্তির পূর্বে এ নীতিমালা সংশোধন করা হলে উক্ত সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে;

২৭. অনুদানপ্রাপ্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজককে চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত যাবতীয় বিষয় উল্লেখপূর্বক সরকারের সঙ্গে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পন্ন করতে হবে; এবং

২৮. অনুদান প্রদানের পর যুক্তিসঙ্গত কারণে সরকার বরাদ্দ আদেশ বাতিল ও প্রয়োজনীয় নতুন শর্ত আরোপ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩০/০৬/২০২৫

(মোছাঃ শারমিন আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪৬৩
E-mail:film2@moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০২.২৩ - ২৬৭/২৫

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

৩. যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. জনাব এস এম ইমরান হোসেন, চেয়ারম্যান, টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫. খান শারফুদ্দীন মোহাম্মদ আকরাম (আকরাম খান), চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক, ফ্ল্যাট: ডি৫, লিফট-৫, বাসা: ২৪, রোড: ৯/এ, ধানমন্ডি আরএ, ঢাকা।

৬. জনাব মো. লতিফুল ইসলাম শিবলী, নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট এবং লেখক ও চিত্রনাট্যকার।

৭. উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেট আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. জনাব জগন্ময় পাল, প্রযোজক, চলচ্চিত্র: 'রবিনহুডের আশ্চর্য অভিযান' প্রিয়াঞ্জন, ৩৬৮/১, আহম্মেদনগর, মিরপুর-১, ঢাকা ১২১৬।
১৪. জনাব লাবিব নামজুছ ছাকিব, প্রযোজক, চলচ্চিত্র: 'মায়ের ডাক', বাসা ৬ (ফ্ল্যাট ৪বি), রোড-১০, ব্লক-এ, বসিলা সিটি ডেভেলপার্স, মোহাম্মদপুর, ঢাকা।
১৫. জনাব মাহমুদুল ইসলাম, প্রযোজক, চলচ্চিত্র: 'জুলাই', ফ্ল্যাট-বি৪, হোল্ডিং: ১১৪, রোড: ০২, ব্লক: এ, নিকেতন হাউজিং সোসাইটি, গুলশান-১, ঢাকা-১২১২।
১৬. জনাব হাসান আহম্মেদ সানি, প্রযোজক, চলচ্চিত্র: 'নূহের কাফেলা', বাসা: ৩৬৬, রাস্তা-১০, ব্লক-সি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা।
১৭. জনাব সিংখানু মারমা, প্রযোজক, চলচ্চিত্র: 'পরোটার স্বাদ', গঞ্জপাড়া, গোলাবাড়ি ইউনিয়ন, ডাকঘর: ৪৪০০, খাগড়াছড়ি সদর জেলা।
১৮. জনাব সৈয়দ সালেহ আহমেদ সোবহান, প্রযোজক, চলচ্চিত্র: 'খোঁয়ারি', বাসা/হোল্ডিং- ১০৬/বি ১, গ্রাম/রাস্তা: ৪, মোহাম্মদীয়া হাউজিং লিমিটেড, মুহাম্মদপুর, ঢাকা।
১৯. জনাব এম আলভী আহমেদ, প্রযোজক, চলচ্চিত্র: 'জীবন অপেরা', ফ্ল্যাটা এ-৫, প্লট ৭/৩, ব্লক ড, লালমাটিয়া, ঢাকা।
২০. জনাব গোলাম সোহরাব দোদুল, প্রযোজক, চলচ্চিত্র: 'জলযুদ্ধ', ৩৪৫/এ, (৩য় তলা), দিলু রোড, বড় মগবাজার, রমনা, ঢাকা।
২১. জনাব মুশফিকুর রহমান, প্রযোজক, চলচ্চিত্র: 'কবির মুখ The Time Keeper', লায়ন সিনেমাস. লায়ন শপার্স ওয়ার্ল্ড, ৯ম তলা, ইসলামাবাদ ০২, কেরানীগঞ্জ-১৩১০, ঢাকা।
২২. জনাব আনুশেহ আনাদিল, প্রযোজক, চলচ্চিত্র: 'কফিনের ডানা', বাসা-৬৩, রোড-১৭/এ, ব্লক-ই, বনানী, ঢাকা।
২৩. জনাব মোছাঃ সাহিবা মাহবুব, প্রযোজক, চলচ্চিত্র: 'নওয়াব ফুজুন্নেসা', সি-৪০, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
২৪. জনাব সুজন মাহমুদ, প্রযোজক, চলচ্চিত্র: 'জুই' ৩৩৬/২, উত্তর গোড়ান, খিলগাঁও, ঢাকা।
২৫. অফিস কপি।

৩০/০৬/২০২৫

(মোছাঃ শারমিন আখতার)
সিনিয়র সহকারী সচিব